*Activity ID: 1903008021*

*BA-VI/BENGALI-APBNG-601-DSE--1B TH/ 60118-(MADHYA YOUGER BANGLA SAHITYA)/20*

**BA 6th Semester Examination, October 2020**

**Subject:** বাংলা

**Course Title**: মধ্যযুগের বাংলা সাহিত্য

**Course Code: APBNG-601-DSE-1B**

**Course ID: 60118**

সময়ঃ ১ ঘন্টা পূর্ণমানঃ ২০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

**১। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ x ২ = ৪

ক) "গৌড়েশ্বর দিলা নাম গুণরাজ খান।" গৌড়েশ্বর ও গুণরাজ খানের প্রকৃত নাম কী?

খ) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটি ভাগবতের কোন্ কোন অংশের অনুবাদ ?

গ) দ্বিতীয় বিদ্যাপতি কাকে বলা হয় ?

ঘ) জ্ঞানদাস কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ কবি ?

ঙ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্ম্মমঙ্গল' কাব্যের প্রকৃত নাম কী? কাব্যটি কয়টি পালায় বিভক্ত?

চ) রঞ্জাবতী কে? গৌড়েশ্বরের সঙ্গে তার সম্পর্ক কী?

ছ) পদ্মাবতীর পিতামাতার নাম লেখো।

জ) আলাওল কোন সময়ে কার পৃষ্ঠপোষকতায় 'পদ্মাবতী' কাব্যটি রচনা করেছিলেন?

**২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ।** ৬ X **১** = ৬

ক) "**..**কুলীন গ্রামের যে হয় কুক্কুর।
সেহো মোর প্রিয়, অন্যজন বহুদূর।।" – মালাধর বসু সম্পর্কে এই ধরনের উক্তির তাৎপর্য লেখো।

খ) মালাধর বসুর ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যে ভাগবত পুরাণ কতখানি অনুসৃত হয়েছে তা সংক্ষেপে লেখো।

গ) “সুখের লাগিয়া     এ ঘর বাঁধিনু
আনলে পুড়িয়া গেল।”– পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

ঘ) “নীরদ নয়নে     নীর ঘন সিঞ্চনে
পুলকমুকুল অবলম্ব।” পদটি কার লেখা কোন পর্যায়ের? পদটিতে বিধৃত চৈতন্যদেবের স্বরূপ পরিস্ফুট করো।

ঙ) ধর্মমঙ্গল কাব্যকে ‘রাঢ়ের জাতীয় মহাকাব্য’ বলা যায় কিনা ঘনরাম চক্রবর্তীর কাব্যের সাপেক্ষে লেখো।

চ) ইছাই ঘোষ কোথাকার সামন্তরাজ ছিলেন? তার চরিত্র বিশ্লেষণ করো।

ছ) ‘পদ্মাবতীর কপট দৌত্য খণ্ড’-এ পদ্মাবতীর যে বুদ্ধিমত্তার পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে লেখো।

জ) শুকপাখি কিভাবে পদ্মাবতীর কাহিনিকে নিয়ন্ত্রণ করেছে, আলোচনা করো।

**৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** ১০ **x** ১ = ১০

ক) ‘শ্রীকৃষ্ণবিজয়’ একটি বীররসের কাব্য – মন্তব্যটি আলোচনা করো ।

খ) ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যে মালাধর বসুর কবি প্রতিভার পরিচয় দাও।

গ) তোমার পাঠ্য বৈষ্ণব পদ অবলম্বনে অভিসার পর্যায়ের পদে গোবিন্দদাসের শ্রেষ্ঠত্ব নিরূপণ করো।

ঘ) পাঠ্য পদ অবলম্বনে জ্ঞানদাসের রোমান্টিক কবি স্বরূপের পরিচয় দাও।

ঙ) ঘনরাম চক্রবর্তীর ‘ধর্ম্মমঙ্গল’ কাব্যের নায়ক হিসাবে লাউসেন চরিত্রটি বিশ্লেষণ করো।

চ) ‘ধর্ম্মমঙ্গল’ কাব্য রচনায় ঘনরাম চক্রবর্তীর কবি-কৃতিত্ব আলোচনা করো।

ছ) “আলাওলের ‘পদ্মাবতী’ মালিক মহম্মদ জায়সীর ‘পদুমাবৎ’ কাব্যের হুবহু অনুবাদ নয় ।” – মন্তব্যটি আলোচনা করো।

জ) ‘পদ্মাবতী’ কাব্যে আলাওল ঐতিহাসিক আধারে রোমান্টিক প্রণয়কাব্য রচনা করেছেন – মন্তব্যটি বিশ্লেষণ করো।

*Activity ID: 1903009021*

*BA-VI/BENGALI-APBNG-601-DSE-1B TH/60118- (RABINDRA-SAHITYA)/20*

**BA 6th Semester Examination, October 2020**

**Subject;** বাংলা

**Course Title**: **রবীন্দ্র-সাহিত্য**

**Course Code: APBNG-601-DSE-1B**

**Course ID: 60118**

সময়ঃ ১ ঘন্টা　　　　　　　　　　　　　　　　পূর্ণমানঃ ২০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

**১। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।**　　　　　　　　২ x ২ = ৪

ক) "দেখিলাম অবসন্ন চেতনার গোধূলিবেলায়" – কবিতায় উল্লিখিত নদীটির নাম কি ?
খ) "রঙ্গমঞ্চে একে একে নিবে গেল যবে দীপশিখা" – কবিতাটি কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা ?
গ) বালিগঞ্জের সাহিত্য সভায় অমিত কার কবিতা পাঠ করেছিল ? কবিতাটির প্রথম পঙক্তি উল্লেখ করো।
ঘ) 'শেষের কবিতা' উপন্যাসের প্রথম ও শেষ অধ্যায়ের নাম লেখো।
ঙ ) ডাকাত অচিরার কাছ থেকে কী কী কেড়ে নিয়েছিল ?
চ) "এ যুগে যন্ত্রের সঙ্গে যন্ত্রের দিতে হবে পাল্লা।" কার উক্তি, কোন গল্পের অংশ?
ছ) দইওয়ালার বাড়ি কোথায় ছিল ? সেখানকার নদীটির নাম কী?
জ) 'ডাকঘর' নাটকের ইংরাজি অনুবাদ ও অনুবাদকের নাম লেখো।

**২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।**　　　　　　　　৬ **x** ১ = ৬

ক) 'প্রান্তিক' কাব্যে তোমার পাঠ্য কবিতায় সাম্রাজ্যবাদী শক্তি সম্পর্কে কবির মনোভাব ব্যক্ত করো ।
খ) "নাগিনীরা চারিদিকে ফেলিতেছে বিষাক্ত নিঃশ্বাস।" কবিতাটির সংক্ষিপ্ত ব্যাখ্যা দাও।
গ) অমিত ও লাবণ্যর প্রথম সাক্ষাতের কাহিনিটি বর্ণনা করো ।
ঘ) 'শেষের কবিতা' উপন্যাসে কোন পাহাড়ের বর্ণনা আছে? সেখানকার নৈসর্গিক সৌন্দর্যের সংক্ষিপ্ত বর্ণনা দাও।
ঙ) 'রবিবার' গল্প অবলম্বনে অভির নাস্তিকতার পরিচয় দাও ।
চ) 'ল্যাবরেটরি' গল্পে সোহিনীর নারীসত্তার পরিচয় দাও।
ছ) সুধা কে? 'ডাকঘর' নাটকে অমল ও সুধার কথোপকথনের অংশটি সংক্ষেপে লেখো।
জ) 'ডাকঘর' নাটকে মাধব দত্ত চরিত্রটি বিশ্লেষণ করো।

**৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।**　　　　　　　　১০ **x** ১ = ১০

ক) 'প্রান্তিক' কাব্যে তোমার পাঠ্য কবিতায় প্রতিফলিত কবির মৃত্যু-চেতনা সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো ।
খ) 'প্রান্তিক' কাব্যে তোমার পাঠ্য কবিতাগুলি অবলম্বনে কবির তীব্র জীবন-পিপাসার পরিচয় দাও।
গ) কাব্যোপন্যাস কাকে বলে? কাব্যোপন্যাস হিসাবে 'শেষের কবিতার'র সার্থকতা আলোচনা করো।
ঘ) রবীন্দ্র-ভাবনায় প্রেম – 'শেষের কবিতা' উপন্যাস অবলম্বনে আলোচনা করো।
ঙ) ছোটগল্প হিসাবে 'ল্যাবরেটরি' গল্পটির নামকরণ কতখানি সার্থক হয়েছে তা আলোচনা করো।
চ) 'তিনসঙ্গী' গল্পগ্রন্থের গল্পগুলি কোন অর্থে তিনসঙ্গী আলোচনা করে বুঝিয়ে দাও।
ছ) রূপক-সাংকেতিক নাটক হিসাবে 'ডাকঘর' কতখানি সার্থক আলোচনা করো ।

জ) ‘ডাকঘর’ নাটকে অমল চরিত্রটি বিশ্লেষণ করো।

*Activity ID: 1903010021*

*BA-VI/BENGALI-APBNG-601-DSE-1B TH/60118- (KATHA SAHITYA)/20*

**BA 6th Semester Examination, October 2020**

**Subject:** বাংলা

**Course Title**: **কথাসাহিত্য**

**Course Code: APBNG-601-DSE-1B**

**Course ID: 60118**

সময়ঃ ১ ঘন্টা পূর্ণমানঃ ২০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে ।

**১। যে-কোন দু’টি প্রশ্নের উত্তর দাও ।** ২ **x** ২ = ৪

ক) রজনী উপন্যাসটি কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয় ?
খ) অমরনাথের নিবাস কোথায় ছিল? তার পিতৃকুলে কী কলঙ্ক রটেছিল?
গ) কী থেকে নীরজার ফুলের প্রতি অনুরাগ জন্মায়?
ঘ) ‘মালঞ্চ’ শব্দের অর্থ কী? ‘মালঞ্চ’ কী ধরনের উপন্যাস?

ঙ) কার নামের সঙ্গে মিল রেখে কমলের কী নাম রাখা হয়েছিল ?
চ) ‘শেষপ্রশ্ন’ কী ধরনের রচনা? উপন্যাসটির ক’টি পরিচ্ছেদ?
ছ) ‘অযান্ত্রিক’ গল্পটি কত সালে প্রকাশিত হয়? গল্পে বিমলের ফোর্ড গাড়িটির নাম কী ?
জ) ‘ফসিল’ গল্পের ঘটনাস্থল কোথায়? তার আয়তন কত?

**২। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও।** ৬ **x** ১ = ৬

ক) ‘রজনী’ উপন্যাসে পাশ্চাত্য প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
খ) ‘রজনী’ উপন্যাসে লবঙ্গলতা চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো।
গ) ‘মালঞ্চ’ উপন্যাসে নীরজা চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও ।
ঘ) আয়তনে ক্ষুদ্র হলেও ‘মালঞ্চ’কে উপন্যাস বলা যায় – এর সপক্ষে যুক্তি দাও।
ঙ) ‘শেষপ্রশ্ন’ উপন্যাসে আশুবাবু চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে লেখো।
চ) ‘শেষপ্রশ্ন’ উপন্যাসে শেষপ্রশ্নটি কী ছিল?- উপন্যাসের সাপেক্ষে বুঝিয়ে দাও।
ছ) “সিংহের চোখে জল।” এখানে সিংহ কে? তার চোখে জল কেন?
জ) ‘অযান্ত্রিক’ গল্পের ট্যাক্সিটির ক্ষমতা পরীক্ষার যথাযথ বর্ণনা দাও।

**৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ।** ১০ **x** ১ = ১০

ক) তোমার মতে ‘রজনী’ উপন্যাসের নায়ক কে ? যুক্তিসহ তা প্রতিষ্ঠিত করো ।
খ) আত্মকথন রীতির উপন্যাস বলতে কী বোঝ? ‘রজনী’ উপন্যাসে এই রীতির প্রয়োগ কতখানি সার্থকতা লাভ করেছে বুঝিয়ে দাও।
গ) মালঞ্চকে কেন্দ্র করে প্রধান চরিত্রগুলির যে মানসিক জটিলতা সৃষ্টি হয়েছে তার পরিচয় দাও ।
ঘ) ‘মালঞ্চ’ উপন্যাসে বিষয়টি ‘পুরনো এবং চিরনতুন’—এমন কথা বলার পক্ষে যুক্তি দাও।
ঙ) ‘শেষপ্রশ্ন’ উপন্যাসের নামকরণ কতখানি যুক্তিসঙ্গত, তা আলোচনা করো।
চ) “দুঃখ যে পাইনি তা বলিনে কিন্তু তাকেই জীবনের শেষ সত্য বলে মেনেও নিইনি।”—এই উক্তির আলোকে কমল চরিত্রটি বিশ্লেষণ করো।
ছ) ‘অযান্ত্রিক’ গল্পে যন্ত্রের সঙ্গে মানুষের সম্পর্ক বিশ্লেষণ করো।
জ) ‘চতুর্থ পানিপথের যুদ্ধ’ গল্পটির নামকরণ সার্থকতা আলোচনা করো।

**Activity ID:** *1903011021*

*BA-VI/BENGALI-APBNG-601-DSE-1B TH/60118- (NATYA SAHITYA)/20*

**BA 6th Semester Examination, October 2020**

**Subject:** বাংলা

**Course Title**: **নাট্যসাহিত্য**

**Course Code: APBNG-601-DSE-1B**

**Course ID: 60118**

সময়ঃ ১ ঘন্টা পূর্ণমানঃ ২০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে ।

**১। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও ।** ২ **x** ২ = ৪

ক) ট্রাজেডি শব্দটি কোন শব্দ থেকে এসেছে? শব্দটির অর্থ কী?

খ) অ্যারিস্টটল কথিত ট্রাজেডির নায়কের দু'টি বৈশিষ্ট্য উল্লেখ করো।

গ) ন্যাশনাল থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয়েছিল? এখানে প্রথম অভিনীত নাটক কোনটি?

ঘ) দু'টি শখের নাট্যশালার নাম লেখো।

ঙ) 'নটী বিনোদিনী' নাটকটি প্রথম কোন রঙ্গমঞ্চে কতদিন ধরে অভিনীত হয়েছিল?

চ) বিনোদিনী কোন থিয়েটারের সঙ্গে যুক্ত ছিলেন? তাঁর অভিনীত একটি নাটকের নাম লেখো।

ছ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে ইন্দ্রজিৎ ছাড়া তিন বন্ধুর নাম লেখো। ইন্দ্রজিৎ-এর প্রকৃত নাম কী?

জ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকটি কত সালে **র**চিত হয় ? নাটকটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

**২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** ৬ **x** ১ = ৬

ক) নাটকে 'ত্রিবিধ ঐক্য' বলতে কী বোঝায় আলোচনা করো ।

খ) কোরাস কাকে বলে? নাটকে কোরাসের ভূমিকা উল্লেখ করো।

গ) বেঙ্গলি থিয়েটারের সূত্রপাত কিভাবে হয়েছিল? বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে এর গুরুত্ব বুঝিয়ে দাও।

ঘ) টীকা লেখোঃ বেলগাছিয়া থিয়েটার

ঙ) 'নটী বিনোদিনী' নাটকে যে-কোনো একটি পার্শ্বচরিত্র সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

চ) 'নটী বিনোদিনী' নাটক অবলম্বনে বিনোদিনীর নাট্যগুরুর সংক্ষিপ্ত পরিচয় দাও।

ছ)) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে লেখক চরিত্রটির গুরুত্ব বুঝিয়ে দাও।

জ) ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকের নামকরণে ‘এবং’ শব্দটি প্রয়োগের তাৎপর্য কী?

**৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** ১০ x ১ = ১০

ক) ট্রাজেডির সংজ্ঞা দিয়ে এর  ষড়ঙ্গ উপাদানগুলি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো ।
খ) মেলোড্রামা কাকে বলে? এই ধরনের রচনার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
গ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে ‘ন্যাশনাল থিয়েটার’-এর গুরুত্ব কতখানি-- আলোচনা করো।
ঘ) বাংলা শখের নাট্যশালাগুলির উদ্ভব ও ক্রমবিকাশের পরিচয় দাও।
ঙ) ‘নটী বিনোদিনী’ নাটকে প্রতিফলিত তৎকালীন সমাজ চিত্রের পরিচয় দাও ।
চ) ‘নটী বিনোদিনী’ নাটক অবলম্বনে বিনোদিনী চরিত্রটি বিশ্লেষণ করো।
ছ) ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকের সংলাপ রচনায় নাট্যকারের বিশেষ কৃতিত্বের পরিচয় দাও।
জ) অ্যাবসার্ড নাটক কাকে বলে? ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকটি এই শ্রেণির নাটক কিনা তা আলোচনা করো।